# এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র** বিষয় কোড : ২ ৮ ৬

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** সিলভার সাইন লি. ২০১৬ সালে ৬০০০ টাকা মূল্যের ১০০০টি দরজা উৎপাদন করে, যার মূল্য ৬০,০০,০০০ টাকা। দরজা উৎপাদনে ২০,০০,০০০ টাকার কাঁচামাল ২,৪০,০০০ টাকার যন্ত্রপাতি এবং ২,৮০,০০০ টাকা শ্রমিকদের মুজরি বাবদ ব্যয় হয়। প্রতিষ্ঠানটির ২০১৫ সালের মোট উৎপাদনশীলতা ছিলো ৩.২ টাকা।

ক. সেবা খাত কী? ১

খ. উৎপাদনশীলতার সাথে ব্যয়ের সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সিলভার সাইন লিমিটেডের ২০১৬ সালের কাঁচামালের উৎপাদনশীলতা নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ২০১৬ সালের মোট উৎপাদনশীলতার সাথে ২০১৫ সালের মোট উৎপাদনশীলতার তুলনামূলক মূল্যায়ন করো। ৪

**২.▶** জনাব শাফি নিজস্ব তত্ত্বাবধানে নিজের বাগানের উৎপাদিত ফুল শহরের বিভিন্ন দোকানে বিক্রয় করেন। সম্প্রতি বাজারে ফুলের চাহিদা বৃদ্ধি পাওয়ায় তিনি কয়েকজন শ্রমিক নিয়োগ দিয়ে যোগ্যতা অনুযায়ী তাদের মাঝে দায়িত্ব বণ্টন করে দেন। কিন্তু পর্যাপ্ত সংরক্ষণ ও যানবাহনের অভাবে সময়মতো ফুল সরবরাহে বিঘ্ন ঘটে। তিনি উক্ত সমস্যা উত্তরণে ব্যাংক ঋণের কথা ভাবছেন।

ক. ব্যবসায় জোট কী? ১

খ. "ভূমি প্রকৃতির দান" ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের জনাব শাফি কোন উপকরণের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে জনাব শাফি উদ্ভূত সমস্যা সমাধানে উৎপাদনের কোন উপকরণ অধিক কার্যকরি বলে মনে করো? তোমার যৌক্তিক মতামত দাও। ৪

**৩.▶** মিসেস শুহরাত একজন নারী উদ্যোক্তা। তিনি ২০ কোটি এবং ১৫০ জন শ্রমিক নিয়ে একটি পোশাক কারখানা স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে এককপ্রতি গড় উৎপাদন ব্যয় ১০০ টাকা। সম্প্রতি অন্য একটি পোশাক শিল্প প্রতিষ্ঠান অধিক পণ্য উৎপাদন করায় ৮০ টাকা এককপ্রতি খরচে পণ্য উৎপাদন করছে। যার ফলে মিসেস শুহরাত অপেক্ষা কম মূল্যে পোশাক বিক্রয় করে মুনাফা অর্জন করছে। মিসেস শুহরাতের উৎপাদন ব্যয়ের কারণে বিক্রয়মূল্যও বেশি। তাই বিক্রয় কম হচ্ছে বলে তিনি অত্যন্ত চিন্তিত।

ক. পরিবর্তনশীল ব্যয় কী? ১

খ. কোন ধরনের সংগঠন কাঠামোতে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ সম্ভব? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মিসেস শুহরাতের প্রাতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মাত্রাজনিত ব্যয় সংকোচনের মাধ্যমে মিসেস শুহরাত চিন্তামুক্ত হতে পারেন' মূল্যায়ন পূর্বক মতামত দাও। ৪

**৪.▶** ক নামক একটি দেশের চলতি বছরের ব্যয় পদ্ধতিতে GNP হচ্ছে ৭০০ কোটি টাকা। দেশটির সংশ্লিষ্ট তথ্য নিম্নে দেওয়া হলো:

| উপাদান | টাকার পরিমাণ |
|---|---|
| মোট বিনিয়োগ | ৩০০ কোটি |
| ভোগ ব্যয় | ৩২৫ কোটি |
| মজুরি ও বেতন | ৩৫০ কোটি |
| খাজনা | ১২৫ কোটি |
| মুনাফা | ১০০ কোটি |
| সুদ | ৭০ কোটি |
| অপচয় | ৬০ কোটি |

https://teachingbd24.com

ক. মাথাপিছু আয় কী? ১
খ. হস্তান্তর পাওনা বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের দেশের চলতি বছরের সরকারি ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. চলতি বছরে ব্যয় পদ্ধতিতে নিট জাতীয় উৎপাদন এবং আয় পদ্ধতিতে নিট জাতীয় উৎপাদনের পরিমাণ কি একই হবে বলে তুমি মনে করো? তথ্যের ভিত্তিতে মতামত দাও। ৪

৫.▶ অনি গার্মেন্টিস নভেম্বর মাসে ১০ লক্ষ সোয়েটার তৈরি করে যা জানুয়ারি মাসের মধ্যে সম্পূর্ণ বিক্রি হয়ে যায়। এতে উদ্বুদ্ধ হয়ে প্রতিষ্ঠানটি ফেব্রুয়ারি মাসেও ১০ লক্ষ পিস সোয়েটার তৈরি করে। কিন্তু ঋতু পরিবর্তনের কারণে ৫ লক্ষ পোশাক বিক্রয় হয় এবং বাকিগুলো অবিক্রীত থেকে যায়। পরবর্তীতে তারা ক্রেতাদের চাহিদা বিবেচনা করে তাদের উপযোগী পোশাক সরবরাহ করে। বছর শেষে দেখা যায়, সোয়েটারে লোকসান দিলেও ক্রেতাদের প্রয়োজন ও পছন্দমতো পোশাক সরবরাহ করায় প্রচুর মুনাফা করে।

ক. মানসম্মত দ্রব্য কী? ১
খ. 'সেবা অস্পর্শনীয়' ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি প্রাথমিক পর্যায়ে উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি সঠিকভাবে অনুসরণ করেনি? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে পরবর্তীতে মুনাফা করার কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬.▶ 'মেঘনা ইলেকট্রনিক্স' একটি রেফ্রিজারেটর নির্মাতা প্রতিষ্ঠান। সম্প্রতি তারা একটি নতুন ফ্রিজ বাজারে এনেছে, যাতে টুইন কুলিং সিস্টেম যোগ করা হয়েছে। এতে ফ্রিজের দুটি অংশই ডিপ ফ্রিজার হিসেবে ব্যবহার করা যাবে। বর্তমানে ফ্রিজটি তারা স্বল্প পরিসরে উৎপাদন করবে বলে আশা করছে।

ক. প্যাকিং ডিজাইন কী? ১
খ. 'নান্দনিক ডিজাইন পণ্যের বিক্রয় বৃদ্ধিতে সহায়তা করে'-ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের ডিজাইন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের যে স্তরে আছে সেটার কার্যকারিতা মূল্যায়ন করো। ৪

৭.▶ ফ্রেশ ফরএভার রাজশাহীতে একটি আমের জুস ফ্যাক্টরি গড়ে তোলে। প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত জুস সারাদেশে এ বিপণন করে। কিন্তু বর্তমানে ক্রেতাদের নিকট থেকে অভিযোগ আসায় প্রতিষ্ঠানটি জুসের মান BSTI এর ল্যাবরেটরিতে পরীক্ষা করায় এবং তা নিম্নমানের বলে বিবেচিত হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানটি জুসের মান তদারকি করছে এবং ত্রুটি বিচ্যুতি হলে তাৎক্ষণিক সংশোধনের ব্যবস্থা গ্রহণ করেছে। এ কারণে তাদের উৎপাদিত জুসের জনপ্রিয়তা বাড়ছে।

ক. মান ব্যবস্থাপনা কী? ১
খ. বেঞ্চমার্কিং কীভাবে পণ্য মানের উন্নয়ন ঘটায়? ২
গ. উদ্দীপকে কোন ধরনের ব্যয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির জনপ্রিয়তা বাড়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৮.▶ সুজাতা ম্যানুফ্যাকচারিং একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান সর্বোচ্চ ৬০,০০০ একক পণ্য উৎপাদন করতে সক্ষম। কিন্তু ২০১৫ সালে তারা মেশিনটি ভালো রাখার জন্য প্রতিদিন ৪০,০০০ একক পণ্য উৎপাদন করার সিদ্ধান্ত গ্রহণ করে। কিন্তু পরবর্তীতে চাহিদা বেড়ে যাওয়ায় জুলাই মাসে প্রতিষ্ঠানটি ৫০,০০০ একক পণ্য উৎপাদন করেছে। ২০১৫ সালে তাদের কার্যকর উৎপাদন ক্ষমতা ছিলো ১১০%।

Teachingbd24.com

ক. উৎপাদান ক্ষমতা কী? ১
খ. কীভাবে কার্যকর উৎপাদন ক্ষমতা নির্ণয় করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি প্রথম পর্যায়ে কিসের ভিত্তিতে তাদের উৎপাদন ক্ষমতা পরিমাপ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ২০১৫ সালের উৎপাদনের সর্বোচ্চ সদ্ব্যবহারের হার নির্ণয় পূর্বক পণ্যের চাহিদা পূরণের সক্ষমতা বিশ্লেষণ করো। ৪

৯.▶ জনাব শুভ সাভারে একটি ডেইরি ফার্ম প্রতিষ্ঠা করেন। তার ফার্মে ১০টি গরু আছে। এগুলো হতে তিনি ৫০ কেজি দুধ পান। ফার্মের আশেপাশে স্থানীয় বাজারে চাহিদা থাকা সত্ত্বেও তার এক বন্ধুর পরামর্শে গ্রাম্য মহাজন হতে ঋণ করে ক্রেতার অধিক্যের কথা মাথায় রেখে ঢাকায় মিষ্টির দোকান দেন। তার মিষ্টির চাহিদা শহরে রয়েছে বিক্রিও ভালো, তবে ঋণ নিয়ে তিনি খুবই চিন্তিত।

ক. কর অবকাশ কী? ১
খ. অবকাঠামোগত সুযোগ-সুবিধা বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের ডেইরি ফার্ম স্থাপন কোন ধরনের ব্যবসায় অবস্থানের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ঢাকায় মিষ্টির দোকান স্থাপন কতটুকু বাস্তবসম্মত বলে মনে করো? ব্যবসায় অবস্থান উল্লেখপূর্বক মূল্যায়ন করো। ৪

১০.▶ মিসেস রিমা 'রাইদা কালেকশন' নামে একটি বৃহদায়তন বিপিণি প্রতিষ্ঠা করেন। এ বিপণিতে ভোগ্য পণ্য পৃথক পৃথক বিভাগে সাজানো থাকে। মনোরম পরিবেশ, পণ্যের সুন্দর বিন্যাস, মানসম্পন্ন পণ্য, পছন্দসই পণ্যটি দ্রুত নির্বাচনের সুযোগ ইত্যাদি থাকায় প্রতিষ্ঠানটি ব্যাপক সুনাম অর্জন করেছে। সম্প্রতি মিসেস রিমা ব্যবসায় সম্প্রসারণের জন্য মার্কেটের তৃতীয় তলায় ঘর ভাড়া নেন এবং সেখানে পণ্য মজুদ রাখার স্থান হিসেবে ব্যবহার করেন। মজুদ স্থানটিতে পণ্য সামগ্রী যথাযথভাবে সাজানো থাকায় তার পক্ষে সাবলীলভাবে দোকান পরিচালনা করা সম্ভব হচ্ছে।

ক. বিন্যাস কী? ১
খ. কোন ক্ষেত্রে স্থির বিন্যাস উত্তম? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের মিসেস রিমার বিপণিটি কোন ধরনের লে-আউটের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি সম্প্রসারণের অংশ যে লে-আউট অনুসরণ করেছে। তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১.▶ "শাইনিং ফার্নিচার" উন্নতমানের সেগুন কাঠ সংগ্রহ করে নিজস্ব ফ্যাক্টরিতে মানসম্পন্ন ফার্নিচার তৈরি করে। ২০১৬ সালে এপ্রিল মাসে এক্সক্লুসিভ ডিজাইনের ১০ সেট সোফা ও ডাইনিং চেয়ার টেবিল শো-রুমে বিক্রয়ের জন্য আনা হয়। কিন্তু শো-রুমে বিক্রয় ব্যবস্থাপকের নিকট কিছু সংখ্যক ডাইনিং টেবিলে বার্ণিশের ফিনিশিং-এ ত্রুটি ধরা পড়ে। তাই তিনি ভালভাবে ফিনিশিং এর জন্য ফার্নিচার ফ্যাক্টরিতে প্রেরণ করেন। এতে কোম্পানির ব্যয় কিছুটা বাড়লেও উক্ত কোম্পানির ফার্নিচারের ওপর গ্রাহকদের আস্থা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি পাচ্ছে।

ক. ISO কী? ১
খ. 'ওয়ারেন্টি পণ্যের বাহ্যিক ব্যর্থতা ব্যয়ের সাথে জড়িত' —ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি যে ব্যয় নির্বাহ করেছে তা কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ওপর গ্রাহকদের নির্ভরযোগ্যতা বৃদ্ধির মূল কারণ কী? মান-ব্যবস্থাপনার ঐতিহাসিক প্রেক্ষাপট উল্লেখপূর্বক তোমার মতামত ব্যক্ত করো। ৪

https://teachingbd24.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. মোবাইল সেবাদানকারী প্রতিষ্ঠান কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ⓚ সেবাগত ⓚ রূপগত
ⓖ সময়গত ⓖ স্থানগত

**২. উৎপাদনশীলতা বৃদ্ধি পেলে শ্রমিকের কী বৃদ্ধি পায়?**
ক) ক্ষমতা খ) দক্ষতা
গ) নৈতিকতা ঘ) কর্মস্পৃহা

**৩. উৎপাদন প্রক্রিয়ায় মৌলিক উপাদানের সংখ্যা কয়টি?**
ক) ৩টি খ) ৪টি গ) ৫টি ঘ) ৬টি

**৪. বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেলে কী বৃদ্ধি পায়?**
ক) আয় খ) ব্যয়
গ) লাভ ঘ) মুনাফা

**৫. উৎপাদনের ক্ষেত্রে কোনটি প্রয়োজনীয়?**
ক) উপযোগিতা খ) হস্তান্তরযোগ্যতা
গ) বিনিময়যোগ্যতা ঘ) বিক্রয়যোগ্যতা

**৬.** $\frac{\text{উৎপাদিত পণ্য}}{\text{উৎপাদনে ব্যবহৃত উপাদান}} = ?$
ক) উৎপাদনশীলতা খ) উপযোগিতা
গ) শ্রম দক্ষতা ঘ) কার্যকারিতা

**৭.** $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট উপকরণের মূল্য}} = ?$
ক) যন্ত্রের উৎপাদনশীলতা
খ) কাঁচামালের উৎপাদনশীলতা
গ) মূলধনের উৎপাদনশীলতা
ঘ) মোট উৎপাদনশীলতা

**৮. উৎপাদনের বৈশিষ্ট্য—**
i. অভাব পূরণের সক্ষম
ii. উপযোগ সৃষ্টি
iii. বিক্রয়যোগ্য বাড়তি উপযোগ সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
করিম একটি হোটেলে রান্নার কাজ করে। এটিকে উৎপাদন বলা যায়। কিন্তু বাড়িতে মায়ের রান্নার কাজকে উৎপাদন বলা যায় না।

**৯. উদ্দীপকে করিমের কাজকে উৎপাদন বলার কারণ কী?**
i. এর মাধ্যমে নতুন মূল্য সংযোজন করা হয়েছে
ii. এর মাধ্যমে মূল্য নির্ধারিত হয়েছে
iii. এর মাধ্যমে হোটেলের বিক্রয় বৃদ্ধি পেয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. মায়ের কাজকে উৎপাদন না বলার কারণ কী?**
ক) এর মাধ্যমে বাড়তি উপযোগ সৃষ্টি হয়নি
খ) এর মাধ্যমে নতুন মূল্য যোগ হয়নি
গ) এরূপ কাজের কোনো উপযোগিতা নেই
ঘ) এরূপ কাজ করা মায়ের দায়িত্ব

**১১. স্থির ব্যয় কোনটি?**
ক) পরিবহন ব্যয় খ) শ্রমিকের মজুরি
গ) বৈদ্যুতিক ব্যয় ঘ) কারখানা ভাড়া

**১২. ক্ষুদ্র ব্যবসায়ের উদাহরণ কোনটি?**
ক) গ্রামীণফোন খ) বেক্সিমকো
গ) কেয়া কসমেটিকস ঘ) ড্রাই ক্লিনার্স

**১৩. অবচয় বাদ দেওয়া হয় না কোন বিষয়টি নির্ণয়ে—**
ক) GNP খ) GDP
গ) NNP ঘ) NP

**১৪. জাতীয় আয় কোনটি?**
ক) সামাজিক ভাতা খ) পরামর্শ
গ) খাজনা ঘ) ঋণের সুদ

**১৫. কীভাবে নতুন উপযোগ সৃষ্টি করা যায়?**
ক) উৎপাদনশীলতা বৃদ্ধি করে
খ) আর্থিক সচ্ছলতা বৃদ্ধি করে
গ) কারখানা বিন্যাস করে
ঘ) গবেষণা ব্যয় বৃদ্ধি করে

Teachingbd24.com

১৬. উৎপাদনমাত্রা বৃদ্ধির সাথে সাথে দীর্ঘমেয়াদি গড় উৎপাদন ব্যয় বৃদ্ধি পায় কোন ক্ষেত্রে?
ⓚ মিতব্যয়ী উৎপাদন মাত্রা
ⓚ অমিতব্যয়ী উৎপাদন মাত্রা
ⓖ গড় উৎপাদন ব্যয়
ⓘ মোট উৎপাদন মাত্রা

১৭. কোনটি পণ্যের ডিজাইনের সাথে সম্পর্কযুক্ত?
ⓚ পণ্যের মান ⓚ পণ্যের আকৃতি
ⓖ পণ্যের গুণাগুণ ⓘ পণ্যের বাজার

১৮. ISO কোন সনদ দ্বারা পরিবেশের বিষয়টিকে বিবেচনা করা হয়?
ⓚ 9002 ⓚ 9003
ⓖ 9004 ⓘ 14000

১৯. পণ্যের ট্রেডমার্ক ব্যবহারে বাধ্য করে কে?
ⓚ ISO ⓚ BSTI
ⓖ TCB ⓘ EPB

২০. প্রতিষ্ঠানে উৎপাদন ক্ষমতা বাড়ানো যায় কীভাবে?
ⓚ সর্বোচ্চ উৎপাদন করে
ⓚ কর্মী ছাটাই করে
ⓖ মূলধনের সর্বাধিকরণ করে
ⓘ সর্বোচ্চ সম্প্রসারণ করে

২১. উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেলে একক প্রতি উৎপাদন ব্যয় কমে যাওয়া বা হ্রাস পাওয়াকে কী বলে?
ⓚ মিতব্যয়িতা
ⓚ সংকীর্ণতা
ⓖ মিতব্যয়ী উৎপাদন মাত্রা
ⓘ অমিতব্যয়িতা

২২. ব্যবসায়ের অবস্থান কিসের সাথে সম্পর্কযুক্ত?
ⓚ মূলধনের ⓚ মুনাফার
ⓖ বাজেটের ⓘ বিনিয়োগের

২৩. যন্ত্রপাতি বিন্যাস কিসের অন্তর্ভুক্ত?
ⓚ বন্টন ব্যবস্থাপনার
ⓚ প্রমোশন ব্যবস্থাপনার
ⓖ পণ্য ব্যবস্থাপনার
ⓘ উৎপাদন ব্যবস্থাপনার

২৪. কোন বিন্যাসের প্রতিটি কর্মসূচি স্বাধীনভাবে কার্য সম্পাদন করতে পারে?
ⓚ স্থির বিন্যাসে ⓚ পণ্য বিন্যাসে
ⓖ প্রক্রিয়া বিন্যাসে ⓘ গুদাম বিন্যাসে

২৫. কোনটি তৃতীয় পক্ষের দ্বারা সংঘটিত হয়?
ⓚ বিক্রয় ⓚ উৎপাদন
ⓖ বিজ্ঞাপন ⓘ প্রচার

২৬. কোনটি ব্যয়বহুল বিজ্ঞাপন মাধ্যম?
ⓚ ডাক ⓚ রেডিও
ⓖ টেলিভিশন ⓘ সংবাদপত্র

২৭. বিক্রয়কর্মীর গুণাবলিকে একত্রে কী বলে?
ⓚ ব্যক্তিক বিক্রয়
ⓚ বাজারজাতকরণ প্রসার
ⓖ বাজারজাতকরণ মিশ্রণ
ⓘ বিক্রয়িকতা

২৮. বিক্রয়কর্মীদের প্রণোদিত করার জন্য কোন ধরনের বিক্রয় প্রসার কৌশল উপযোগী?
ⓚ প্রিমিয়াম ⓚ বোনাস
ⓖ রিবেট ⓘ প্রমোশনাল ডিসপ্লে

২৯. প্রতিষ্ঠানে কেন অবচয় ধার্য করা হয়?
ⓚ দেনা পরিশোধের জন্য
ⓚ সঞ্চয়ের জন্য
ⓖ বিনিয়োগের জন্য
ⓘ যন্ত্রপাতি পুনঃস্থাপনের জন্য

৩০. জাতীয় উৎপাদনের আর্থিক মূল্যের সমষ্টিকে কী বলে?
ⓚ জাতীয় আয় ⓚ জাতীয় ব্যয়
ⓖ জাতীয় উৎপাদন ⓘ জাতীয় সম্পদ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd24.com

https://teachingbd24.com